

## Class 12 (Teacher..Dr Mrs Elora Roy)

### ★আদাব.. সমরেশ বসু

- ১৯৪৬ সালের হিন্দু মুসলিম দাঙ্গা কবলিত শহর। গুপ্ত ঘাতক, শাসক দলের অত্যাচারে মানুষ হারিয়েছে বিশ্বাস। এ হেন পরিস্থিতিতে নোংরা ডাস্টবিন এর পাশে দেখা হয় নারায়ণগঞ্জের সুতাকলের হিন্দু মজুর ও সুবইডার বুড়িগঙ্গার নায়ের মাঝির।
- ‘আদাব’ শব্দটির অর্থ ‘অভিবাদন’। গল্পে ওই দুই ব্যক্তি কেউ কাউকে অভিবাদন করেনি। বরং তারা একে অপরকে প্রথমে সন্দেহ করেছে। ধীরে ধীরে বোঝে, তারা দুজনেই একই দুঃখে দুখী। পরিবার ছেড়ে প্রাণের ভয়ে পালিয়ে এলেও মন পড়ে আছে বাড়িতেই। তারা বুঝে গেছে এই দাঙ্গায় দুদলের কিছু লোক মরবে মাত্র, দেশের কিছু বদল হবে না।
- তাই তারা একে অপরের প্রতি সমব্যথী হয়ে ওঠে। ঈদের দিন সামনে তাই মাঝি বাড়ি যাওয়ার জন্য উতলা। অনেক বিপদ কাটিয়ে গল্প শেষে শাসক দলের হাতে প্রাণ হারায় মাঝি। আর সেই বেদনা বেজে ওঠে হিন্দু সুতাকলের মাঝির মনে।
- দুটি ধর্মের সাধারণ মানুষ তারা। রাজনৈতিক জটিলতা বোঝে না। এই গল্পে তাদের আবেগ আর উপলব্ধি একাকার হয়ে গেছে। ধর্মের উর্ধে তারা মানবিকতার আদাব ভাবনায় একে অপরকে স্পর্শ করেছিল।

### ★★ প্রশ্ন.....

১. ‘সমস্ত অঞ্চলটার নৈশ নিস্তরুতাকে কাঁপিয়ে দুবার গর্জে উঠল অফিসারের আগ্নেয়াস্ত্র’।..... আলোচ্য গল্পটির প্রেক্ষাপট লেখ। এ প্রসঙ্গে গল্পের প্রধান দুই চরিত্র ও তাদের সাক্ষাৎ বিষয়ে লেখ। গল্প শেষে এই উক্তিটি কি প্রসঙ্গে ব্যবহার করা হয়েছে ও গল্পের শেষগ উপলব্ধিটি কি লেখ।
২. ‘আদাব’ গল্পটি অবলম্বনে তৎকালীন হিন্দু মুসলিম সম্পর্ক ও মানবিক পরিচয় টি বর্ণনা কর, এ প্রসঙ্গে নামকরণ টির যথার্থতা বিচার কর।

### ★ কোনি (chapter 14)...মতি নন্দী

মাদ্রাজের চিপকে জাতীয় সাঁতার প্রতিযোগিতায় কোনি একদম একা। এতদূর এসেও কোনো ইভেন্টেই নামতে পারেনি সে। হিয়া একের পর এক ইভেন্ট জিতে

চলে। মহারাষ্ট্রের রমা যোশির জিত অব্যাহত। শেষে মেয়েদের চারশো মিটার রিলের আগেই অমিয়ার ক্র্যাশ্প ধরে। শেষে সেই জায়গায় হিয়া আসে কোনি কে ডাকতে। কোনির অভিমান প্রবল হয়ে ওঠে। রাগ দেখালেও তার আসল লড়াই সে দেখায় জলে। রমা যোশি কে হারিয়ে প্রমাণ করে পরিশ্রমের কোনো বিকল্প নেই। ক্ষিণীশ এসে গেছে তখন। গুরু শিষ্যের ইচ্ছে পূরণ হয়। যাবতীয় অপমান ও অবহেলার যোগ্য জবাব হয়ে ওঠে কোনির সাফল্য।

★ প্রশ্ন.....

১. 'কোনি তুমি আনস্পোরটিং'..... কে, কাকে, কখন এই কথাগুলি বলেছিল? এর জবাব কে কি দিয়েছিল? শেষে কি ঘটেছিল, তা থেকে তোমার কি ভাবনা হয়?
২. 'কোথায় ছিলুম জানিস, ওইখানে'।.. কে, কাকে বলেছিল? কখন ও কেন বলে? তার আগে কি ঘটেছিল? এই গল্পে বক্তার ভূমিকা আলোচনা কর।

★ ব্যাকরণ....

১. বানান শুদ্ধ কর:

মুমুর্সু, উদ্বান, শুক্ষ্মা, ধ্বনী, দাদশ

২. উপযুক্ত বাগধারা বেছে শূন্যস্থান পূরণ কর:

(রাহুর দশা, কইমাছের প্রাণ, মাটির মানুষ, হাতের পাঁচ, শনির দৃষ্টি, ঠোঁটকাটা)

- পলি যেমন \_\_, ওকে সঙ্গে নিতে ভয় হয়।
- বিমল আমার দুঃসময়ে পাশে দাঁড়ালো না, ওর প্রতিশ্রুতিটা ছিল \_\_।
- রামবাবুর মত \_\_ কে এতবড় আঘাত দেওয়া ঠিক হয়নি।
- ঋজুর এখন \_\_ চলছে, পরীক্ষা খারাপ হল আবার সাধের মোবাইল টাও হারালো।
- পৈতৃকবাড়িটাই হল \_\_, এটাকে বিক্রি করার কথা এখন আর ভেবো না।

To learn more and get OneNote, visit [www.onenote.com](http://www.onenote.com).